

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
প্রশাসন-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৫৯.০০.০০০০.১০৪.০৬.০০৪.২০১৭-১৮৯

তারিখ: ১১.০৭.২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ


জনপ্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠাকল্পে বিভিন্ন কার্যক্রম গ্রহণের ধারাবাহিকতায় অভিযোগসমূহ কার্যকরভাবে নিষ্পত্তির জন্য এবং জনপ্রশাসনের সেবার মান উন্নীতকরনের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের নিম্নবর্ণিত কর্মকর্তাকে ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে মনোনয়ন প্রদান করা হ'লঃ

ক্রমিক	নাম ও পদবী	ফোন, ফ্যাক্স, ইমেইল
০১.	জনাব গৌতম কুমার উপসচিব স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।	৯৫৬৭২৫২ (অফিস) ৯১০৪৫৬৪ (বাসা) ০১৭১১৩১৭১৩৬ (মোবাইল) ই-মেইল: <a href="mailto:goutam5857@gmail.com">goutam5857@gmail.com</a>

০২। উক্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এ বিভাগের অভিযোগ গ্রহণ, পরিবীক্ষণ ও নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। অভিযোগ নিষ্পত্তির জন্য ফোকাল পয়েন্ট কর্মকর্তার উপর অর্পিত দায়িত্বাবলী নিম্নরূপঃ

- (ক) অভিযোগ নিষ্পত্তির বর্তমান পদ্ধতি সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের কর্মকর্তা/কর্মচারি এবং সেবা প্রত্যাশীকে অবহিত রাখা;
- (খ) সকল অভিযোগসমূহ সুষ্ঠু, পক্ষপাতবিহীন ও স্বচ্ছতার সাথে নিষ্পত্তি করা;
- (গ) অভিযোগ দ্রুত নিষ্পত্তিকল্পে মধ্যস্থতা/মীমাংসার প্রয়োজন হলে ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক বিদ্যমান পরিস্থিতি যাচাই-বাছাইপূর্বক প্রয়োজনীয় সুপারিশ করা;
- (ঘ) উত্থাপিত অভিযোগসমূহের গুরুত্ব বিবেচনায় সঠিক পদক্ষেপ নেবার উদ্দেশ্যে প্রয়োজনে মন্ত্রণালয়/বিভাগের যথাযথ কর্তৃপক্ষের কাছে অভিযোগসমূহ উপস্থাপন করা;
- (ঙ) অভিযোগের গুরুত্ব বিবেচনা করে অভিযোগকারীকে অভিযোগ প্রাপ্তি, নিষ্পত্তি প্রক্রিয়া ও অভিযোগের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত সম্পর্কে অবহিত রাখা;
- (চ) অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তি সম্পর্কিত যাবতীয় তথ্যাদির পূর্ণ রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা রাখা।


  
(ডা. মোঃ সারোয়ার বারী)  
উপসচিব  
ফোন: ৯৫১২২১২

নং- ৫৯.০০.০০০০.১০৪.০৬.০০৪.২০১৭-১৮৯/১(৫০)

তারিখ: ১১.০৭.২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৩। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৪। উপসচিব/উপ-প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৫। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান(সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৬। ইনোভেশন অফিসার (পরিবার পরিকল্পনা অধিদপ্তর/ নিপোর্ট/নিমিউ এন্ড টিসি/টেমো/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, ঢাকা।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ১০। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ১১। লাইব্রেরিয়ান/হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

  
(ডা. মোঃ সারোয়ার বারী)  
উপসচিব